

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক
ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা
ই-মেইল pddt1p@gmail.com

স্মারক নং ৩৩.০১.০০০০.৮৩৩.০৬.০০১.২২-৫৫৯

তারিখঃ ১৭/১০/২০২২খ্রিঃ


বিষয়ঃ- সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের ২০২১-২০২২ অর্থবছরের অডিট সংক্রান্ত ডকুমেন্ট প্রদর্শনের পূর্ব প্রস্তুতি প্রসঙ্গে।

সূত্র- মহা পরিচালকের কার্যালয়, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর, ঢাকা'র স্মারক নং-৮২.১৮.০০০০.০০৪.৪২.০৯৯.২২-২১৬ তারিখঃ ২৩.০৮.২০২২খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর, ৭১, পুরানা পল্টন লাইন, ঢাকা'র অডিট পরিকল্পনা অনুযায়ী সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের ২০২১-২০২২ অর্থবছরের নিরীক্ষা কার্য আগামী ০৩/১১/২০২২ হতে ০৮/১১/২০২২ তারিখ পর্যন্ত হতে অত্র প্রকল্প দপ্তরে অনুষ্ঠিত হবে।

অডিট টিমের চাহিদা মোতাবেক মাঠ পর্যায় প্রকল্পের কার্যক্রমের যে যে খাতে বরাদ্দ প্রদান করা হয়েছে উক্ত বরাদ্দের ব্যয় বিবরণী, সিটিআর, বিল ভাউচারের ফটোকপি, মাষ্টার রোল, বিল ও বরাদ্দ রেজিস্টার এবং ক্যাশ বহিঃ সংক্রান্ত সরবরাহ পূর্বক জেলা/উপজেলা প্রতিনিধির মাধ্যমে প্রেরণের জন্য প্রস্তুতি গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

পরবর্তীতে ০৩/১১/২০২২ হতে ০৮/১১/২০২২ তারিখের মধ্যে প্রতিনিধি প্রেরণের তারিখ ও সময় নির্ধারন পূর্বক সংশ্লিষ্ট জেলা ও উপজেলায় পএ প্রেরণ করা হবে।



(ড. অসীম কুমার দাস)
প্রকল্প পরিচালক

“সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।



সদয় অবগতির জন্য:

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি :

- ১। পরিচালক ; বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর; ঢাকা/চট্টগ্রাম/রংপুর/রাজশাহী/ময়মনসিংহ/বরিশাল/খুলনা ও সিলেট।
- ২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা; গাজীপুর/ময়মনসিংহ/নেত্রকোনা/টাঙ্গাইল/শেরপুর/জামালপুর/মৌলভীবাজার/হবিগঞ্জ/সিলেট/সুনামগঞ্জ/রংপুর /ঠাকুরগাঁও /গাইবান্ধা/দিনাজপুর/সিরাজগঞ্জ/নাটোর/পাবনা/বগুড়া/ জয়পুরহাট/নওগাঁ/চাপাইনবাবগঞ্জ /রাজশাহী/বরগুনা/চট্টগ্রাম/পটুয়াখালী/ চাঁদপুর/ কক্সবাজার/ সাতক্ষীরা/ খুলনা।
- ৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
- ৪। অফিস কপি।